কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

বাকৃবি চত্বর, ময়মনসিংহ

টেলিফোন: ০২৯৯৬৬-৬৭৮৩৪, ০২৯৯৬৬-৬৭৮৩৭ ফ্যাক্স: ০২৯৯৬৬-৬৭৮৪২ E-mail: dg@bina.gov.bd, Web site: www.bina.gov.bd

স্মারক নং-১২.২৪.০০০০.২০১.১১.০০৮.১৭.৭৮৫

তারিখ: ৩রা চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১৬ই মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা), ময়মনসিংহ-এর নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত (স্থায়ী/অস্থায়ী) ১৪ ক্যাটাগরির ৪৭টি শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে অনলাইনে (http://bina.teletalk.com.bd) দরখাস্ত আহবান করা যাইতেছে। উল্লিখিত পদে আবেদনের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্ত নিম্নে উল্লেখ করা হইল:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | প্রকর্মী-১ (টেকনিশিয়ান-১) (রাজস্ব স্থায়ী/অস্থায়ী) (গ্রেড-১২) টা. ১১,৩০০-২৭,৩০০/- | ০৪ (চার)টি (০১টি রাজস্ব স্থায়ী ও ০৩টি অস্থায়ী) | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল বা অটোমোবাইল বা মেকানিক্যাল বা ওয়াটার সাপ্লাই বিষয়ে ডিপ্লোমা। | ক্রমিক নং ১ হতে ১৩ পর্যন্ত পদের ক্ষেত্রে কোটার প্রাপ্যতা নাই বিধায় নরসিংদী, গোপালগঞ্জ, রাজবাড়ী, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, রাঙ্গামাটি, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, গাইবান্ধা, লালমনিরহাট, পঞ্চগড় ও ঝালকাঠি জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন। |
| ২। | কম্পিউটার অপারেটর (রাজস্ব অস্থায়ী) (গ্রেড-১৩) টা. ১১,০০০-২৬,৫৯০/- | ০২ (দুই)টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরুপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথা:-(অ) বাংলা: প্রতি মিনিটে ২৫ শব্দ; (আ) ইংরেজি: প্রতি মিনিটে ৩০ শব্দ। | |
| ৩। | সাঁটলিপিকার কাম - কম্পিউটার অপারেটর (রাজস্ব স্থায়ী) (গ্রেড-১৩) টা. ১১,০০০-২৬,৫৯০/- | ০১ (এক)টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ ও ইংরেজিতে ৮০ শব্দের গতি; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরুপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথা:-(অ) বাংলা: প্রতি মিনিটে ২৫ শব্দ; (আ) ইংরেজি: প্রতি মিনিটে ৩০ শব্দ। | |
| ৪। | হিসাব সহকারী (অ্যাকাউন্টস অ্যাসিসট্যান্ট)/ইউডিএ-কাম-ক্যাশিয়ার (রাজস্ব স্থায়ী/অস্থায়ী) (গ্রেড-১৩) টা. ১১,০০০-২৬,৫৯০/- | ১১ (এগারো)টি (০১টি রাজস্ব স্থায়ী ও ১০টি অস্থায়ী) | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের সিজিপিএ থাকিতে হইবে। | |
| ৫। | বৈজ্ঞানিক সহকারী-১ (রাজস্ব স্থায়ী) (গ্রেড-১৩) টা. ১১,০০০-২৬,৫৯০/- | ০২ (দুই)টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে কৃষিতে ডিপ্লোমা। | |
| ৬। | বৈজ্ঞানিক সহকারী-২ (রাজস্ব অস্থায়ী) (গ্রেড-১৪) টা. ১০,২০০-২৪,৬৮০/- | ০২ (দুই)টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে কৃষিতে ডিপ্লোমা। | |
| ৭। | পিএ (রাজস্ব অস্থায়ী) (গ্রেড-১৪) টা. ১০,২০০-২৪,৬৮০/- | ০২ (দুই)টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ ও ইংরেজিতে ৮০ শব্দের গতি; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরুপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথা:-(অ) বাংলা: প্রতি মিনিটে ২৫ শব্দ; (আ) ইংরেজি: প্রতি মিনিটে ৩০ শব্দ। | |
| ৮। | ড্রাফট্‌সম্যান (রাজস্ব স্থায়ী)<br>(গ্রেড-১৫)<br>টা. ৯,৭০০-২৩,৪৯০/- | ০১ (এক)টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) ড্রাফট্‌সম্যানশিপে ২(দুই) বৎসর মেয়াদি ট্রেড কোর্সে উত্তীর্ণ। | |
| ৯। | ড্রাইভার/ট্রাক ড্রাইভার (রাজস্ব স্থায়ী)<br>(গ্রেড-১৫)<br>টা. ৯,৭০০-২৩,৪৯০/- | ০৩ (তিন)টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ড্রাইভার পদের ক্ষেত্রে হালকা বা ভারী এবং ট্রাক ড্রাইভার পদের ক্ষেত্রে ভারী গাড়ি চালনায় পারদর্শী হইতে হইবে। | |
| ১০। | ডাটা এন্ট্রি অপারেটর (রাজস্ব অস্থায়ী)<br>(গ্রেড-১৬)<br>টা. ৯,৩০০-২২,৪৯০/- | ০২ (দুই)টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ নিম্নরুপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথা:-(অ) বাংলা: প্রতি মিনিটে ২০ শব্দ; (আ) ইংরেজি: প্রতি মিনিটে ২০ শব্দ। | |
| ১১। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (রাজস্ব স্থায়ী)<br>(গ্রেড-১৬)<br>টা. ৯,৩০০-২২,৪৯০/- | ১২ (বার)টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরুপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথা:-<br>(অ) বাংলা: প্রতি মিনিটে ২০ শব্দ; (আ) ইংরেজি: প্রতি মিনিটে ২০ শব্দ। | |
| ১২। | পাম্প অপারেটর (রাজস্ব স্থায়ী)<br>(গ্রেড-১৬)<br>টা. ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক)টি | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট বিষয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল)। | |
| ১৩। | বাবুর্চি (রাজস্ব স্থায়ী)<br>(গ্রেড-১৬)<br>টা. ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক)টি | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ রান্নার কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং (খ) ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। | |
| ১৪। | প্লাম্বার (রাজস্ব স্থায়ী)<br>(গ্রেড-১৮)<br>টা. ৮,৮০০-২১,৩১০/- | ০৩ (তিন)টি | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল)। | কোটার প্রাপ্যতা নাই বিধায় গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নাটোর, কুষ্টিয়া ও বরিশাল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন। |

**নিয়োগের শর্তাবলী:**

১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

২। প্রার্থীগণকে অনলাইনে (http://bina.teletalk.com.bd) আবেদন করিতে হইবে। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেইভাবে লিখিত আছে, অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেইভাবে লিখিতে হইবে।

৩। মুদ্রিত/হাতে লেখা কোনো প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোনো উপায়ে প্রেরণ করা হইলে তাহা গ্রহণযোগ্য হইবে না।

৪। আবেদনপত্র জমাদানের শেষ তারিখে বয়সসীমা ১৮-৩০ বছর হইতে হইবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

(ক) মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীগণের জন্য বয়সসীমা ১৮ থেকে সর্বোচ্চ ৩২ বছর।

(খ) মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র- কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে সর্বোচ্চ ৩০ বছর।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন করিতে হইবে।

৬। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলী:**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিকে http://bina.teletalk.com.bd অথবা www.bina.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে নির্ধারিত আবেদনপত্র পূরণ করিয়া পরীক্ষার ফি সহ online registration কার্যক্রম সম্পন্ন করিতে হইবে। উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করিলে 'বিনা নিয়োগ ২০২২' এর বিজ্ঞপ্তি, আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনাবলি এবং নির্ধারিত Application Form এর লিংক দৃশ্যমান হইবে। Application Form এর লিংক-এ ক্লিক করিলে সংশ্লিষ্ট পদের রেডিও বাটন দৃশ্যমান হইবে। রেডিও বাটন সিলেক্ট করিয়া Next বাটনে ক্লিক করিলে Application Form পাতায় প্রবেশ করা যাইবে।

i) **আবেদনপত্র পূরণ ও পরীক্ষা ফি জমা দেওয়ার শুরুর তারিখ ও সময়: ২৩ মার্চ ২০২২ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা**

ii) **আবেদনপত্র পূরণপূর্বক জমা দেওয়ার শেষ তারিখ ও সময়: ২২ এপ্রিল ২০২২ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকা।** উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র Submit এর সময় হইতে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারিবেন;

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তাঁহার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel, সর্বোচ্চ ৬০ kb) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel, সর্বোচ্চ ১০০ kb) স্ক্যান করিয়া Upload করিবেন;

গ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেইহেতু অনলাইনে আবেদনপত্র Submit করিবার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন;

ঘ) অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনামতে প্রার্থীর ছবি ও স্বাক্ষর Upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করিবার পর প্রার্থীর User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাওয়া যাইবে। Applicant's copy টি Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করিয়া পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করিবেন;

ঙ) প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী যে কোনো Teletalk pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে SMS করিয়া আবেদন ফি বাবদ ১-১৩ নং ক্রমিকের পদের জন্য ১১২/- (একশত বারো) টাকা এবং ১৪ নং ক্রমিকের পদের জন্য ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হইলেও আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্রটি কোনোভাবেই গৃহীত হইবে না। নিম্নে SMS এর নির্দেশনা, User ID এবং Password পুনরুদ্ধার পদ্ধতি উল্লেখ করা হইল।

<u>SMS করার পদ্ধতি:</u>

প্রথম SMS: BINA<space>User ID লিখিয়া 16222 নম্বরে Send করিতে হইবে।

দ্বিতীয় SMS: BINA<space>Yes<space>PIN লিখিয়া 16222 নম্বরে Send করিতে হইবে। ।

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাওয়া যাইবে। Password টি Admit card (প্রবেশপত্র) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করিবেন।

<u>User ID এবং Password পুনরুদ্ধার পদ্ধতি :</u>

শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হইতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

User ID জানা থাকিলে: BINA<space>Help<space>User<space>User ID & Send to 16222

Example: BINA Help User ABCDEF & Send to 16222

PIN Number জানা থাকিলে: BINA<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222

Example: BINA Help PIN 12345678 & Send to 16222

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bina.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন Print সংরক্ষণ করিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন।

জ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা গবেষণা ইনস্টিটিউট, বাকৃবি, ময়মনসিংহ-এর ওয়েবসাইটে www.bina.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৭। প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হইলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে। বিজ্ঞপ্তিতে চাওয়া নূন্যতম শিক্ষাগত যোগ্যতার/ অভিজ্ঞতার সাথে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতার/ অভিজ্ঞতার অসামঞ্জস্যতা থাকলে বা ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হইলে লিখিত পরীক্ষার জন্য প্রাথমিক বাছাইয়ের সময় কিংবা পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা যে কোনো সময় বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করিয়া সত্যায়িত ফটোকপি/অনুলিপি দাখিল করিতে হইবে;

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

খ) প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক ০১ কপি চারিত্রিক সনদপত্র;

গ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে চেয়ারম্যান-ইউনিয়ন পরিষদ/ মেয়র-পৌরসভা/ সিটি কর্পরেশনের ওয়ার্ড কমিশনার বা কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

ঘ) জাতীয় পরিচয়পত্র;

ঙ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার/ শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র।

চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার/ শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পরেশনের ওয়ার্ড কমিশনার বা কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রার্থীর পিতা-মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধার/ শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধার সাথে তাঁর সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়নপত্র।

ছ) আবেদনকারী প্রতিবন্ধী হইলে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত প্রতিবন্ধী সনদপত্র।

জ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে "সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য" এই মর্মে জেলা কমান্ড্যান্ট ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ঞ) আবেদনকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হইলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হইতে প্রাপ্ত সনদপত্র।

ট) অনলাইন -এ পূরণকৃত আবেদন পত্রের কপি (Applicant's copy)।

৮। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর ওয়েবসাইটে (www.bina.gov.bd) পাওয়া যাইবে।

০৯। লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করা হইবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সকল প্রকার সরকারি বিধি-বিধান এবং সংশ্লিষ্ট প্রবিধানমালা অনুসরণ করা হইবে।

১১। নিয়োগ সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন।

১২। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস এবং বিজ্ঞপ্তি বাতিল করিবার অধিকার সংরক্ষণ করিবেন।

১৩। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৪। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হইবে।

১৫। এই নিয়োগ বিজ্ঞপ্তি কৃষি মন্ত্রণালয়ের স্মারক নম্বর ১২.০০.০০০০.০৬৪.১১.০০২.১৯.১৪৬; তারিখ: ২২/৬/২০২১খ্রি. ও ১২.০০.০০০০.০৬৪.১১.০০২.১৯.২৮৩; তারিখ: ২৯/১১/২০২১ খ্রি. এর আলোকে প্রকাশ করা হইলো।

২১/১২/২০২১

(ড. মো. আবুল কালাম আজাদ)
পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)
মহাপরিচালকের পক্ষে